



ISO 9001, ISO 14001 &
ISO 45001 CERTIFIED

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

পবিস ঋণ ও বাজেট পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
প্রশিক্ষণ একাডেমী ভবন
খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ফোন : ৮৯০০৩০১
E-mail:rebloansbudget@gmail.com

স্মারক নং-২৭.১২.০০০০.০২৪.০২.০০৪.২৩,১১১

তারিখঃ ০১-১০-২০২৩ খ্রিঃ।

সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার
সকল পল্লী বিদ্যুৎ সমিতি।

বিষয়ঃ বাজেট প্রস্তাব প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে উল্লেখ্য যে, ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত এবং ২০২৪-২৫ অর্থবছরের প্রস্তাবিত রাজস্ব ও মূলধনী বাজেট প্রস্তাব প্রণয়নের উদ্দেশ্যে পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ ০৪ (চার) সদস্য বিশিষ্ট কমিটি (সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার- আহ্বায়ক, ডিজিএম টেকনিক্যাল- সদস্য, এজিএম প্রশাসন- সদস্য, এজিএম অর্থ- সদস্য সচিব) গঠন করে সংযুক্ত ছক অনুযায়ী বাজেট প্রস্তাব প্রস্তুতপূর্বক সফট কপি **E-mail:rebloansbudget@gmail.com** এ আগামী ০৮-১০-২০২৩ইং তারিখের মধ্যে অত্র পরিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য, বাজেট প্রস্তাব প্রেরণকালে নিম্নোক্ত বিষয়সমূহ লক্ষণীয়ঃ

- ২০২২-২৩ অর্থবছরের প্রকৃত রাজস্ব আয় এবং ব্যয় সিএ ফার্মের রিপোর্টের সাথে সঙ্গতি থাকতে হবে।
- রাজস্ব বাজেটের নির্ধারিত ছকের সিডিউল- ২ ও ১৩ এর মধ্যে সাদৃশ্য থাকতে হবে।
- ২০২২-২৩ অর্থবছরের প্রকৃত খরচের সাথে ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত ও ২০২৪-২৫ অর্থবছরের প্রস্তাবিত বাজেট সামঞ্জস্যপূর্ণ এবং যৌক্তিক হতে হবে।
- রাজস্ব ও মূলধনী বাজেটের সংযুক্ত 'ছক' এর কোন পরিবর্তন ও পরিমার্জন করা যাবে না অর্থাৎ Row/column নতুন করে Insert/Delete করা যাবে না।
- মূলধনী ব্যয় নির্বাহের ক্ষেত্রে তহবিলের উৎস/নগদ অর্থের সংস্থানের উল্লেখ করতঃ ব্যয়ের প্রশাসনিক অনুমোদনসহ পেশ করতে হবে।
- আর্থিক সামর্থ্য তথা তহবিলের পর্যাপ্ততা সাপেক্ষে বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) প্রস্তুতকরতঃ বাজেট প্রণয়ন করতে হবে।

বাজেট আলোচনা সভার সময়সূচী পরবর্তীতে অবহিত করা হবে।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক।

মোঃ ইদ্রিস
পরিচালক (অর্থ)

সদয় জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব)/ নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। পরিচালক, অর্থ/আর্থিক মনিটরিং (দক্ষিণাঞ্চল/উত্তরাঞ্চল), পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল/দক্ষিণাঞ্চল / উত্তরাঞ্চল/পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল), সিস্টেম অপারেশন (কেন্দ্রীয় অঞ্চল/ দক্ষিণাঞ্চল/উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৩। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৪। একান্ত সচিব, সদস্য (অর্থ/সমিতি ব্যবস্থাপনা), বাপবিবোর্ড, ঢাকা।
- ০৫। অফিস কপি।

(পাবেল মিয়া)
সহকারী পরিচালক (অর্থ)